গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর জুন /২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৮-০৬-২০২০ |
| সভার সময় | সকাল ১১: ০০ ঘটিকা |
| স্থান | অনলাইন মাধ্যম |
| উপস্থিতি | ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন  পরিচালক  সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ১৭-০৫-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ০১ | <u>**করোনা ভাইরাস (কোভিড-১৯)**</u>-<br>মহাপরিচালক বলেন কোভিড-১৯ এর কারনে অনেক কিছু চেঞ্জ হয়ে যাচ্ছে। করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এছাড়াওদেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা নির্দেশনা প্রেরণ করেছে। উক্ত নির্দেশনা সহ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেছেন যেমন কোন ভিজিটর Allow না করা ;ইন্টারনেটের (ই-নথি, ই-মেইল ইত্যাদি) মাধ্যমে যোগাযোগ করা; কোন ভিজিটর চেয়ার রাখা যাবে না। যাদের দরকার তাঁরা টেলিফোনে কথা বলবেন;( স্বাস্থ্য সেবা বিভাগের ১২ দফা নির্দেশনা প্রতিপালন করতে হবে;প্রতি ঘন্টায় করিডোর ও অন্যান্য কক্ষ সুইপ করতে হবে; দরজার নব, সিটকিনি, বৈদ্যুতিক সুইচ, রিমোট ইত্যাদি নিয়মিত বিরতিতে জার্মিসাইড দিয়ে মুছতে হবে;) প্রবেশ পথে থার্মাল গানের মাধ্যমে প্রতিদিন তাপমাত্রা রেকর্ড করতে হবে; রুটের মাইক্রোবাসের প্রতি সারিতে দু’জন দু’প্রান্তে বসবে;অফিসে প্রবেশের পর কাজ শেষ হওয়ার আগে বের হওয়া যাবে না, কাজ ছাড়া অন্য কক্ষে যাওয়া যাবে না;সর্বাবস্থায় মাস্ক ব্যবহার করতে হবে AC ব্যবহার বন্ধ রাখতে হবে ও জানালা খোলা রাখতে হবে; হাতঘড়ি, ব্রেসলেট, আংটি, চেইন ইত্যাদি পরে অফিসে আসা যাবে না; মোজাসহ জুতা পরে অফিসে আসা উত্তম, চটি/স্যান্ডেল পরে না আসা সবার জন্য মঙ্গলজনক; অফিস চলাকলীন চোখকে জীবাণুমুক্ত রাখতে চশমা বা সানগ্লাস ব্যবহার করতে হবে এবং জরুরী ও অত্যাবশ্যকীয় ব্যতীত সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে। করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধে এই করণীয় সম্পর্কে স্টাফদের জ্ঞাত করাতে হবে । | সবাইকে স্বাস্থ্য বিধি মেনে সতর্ক থাকা এবং সকল কর্মকর্তা কর্মচারীকে সিদ্ধান্ত সমূহ অবহিতকরণ এবং নির্দেশানাবলী যথাযথভাবে পালন করার ব্যপারে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| ০২ | **প্রশাসনিক কাজ-**<br>মহাপরিচালক বলেন গত ৩১ মে থেকে ১৫ জুন পর্যন্ত নানা নির্দেশনা মানা সাপেক্ষে সরকারি অফিস খুলে দেয়া হয়েছে।,অফিসের স্টাফদের জন্য রোষ্টার ডিউটি করতে হবে ।২৫ শতাংশের বেশি কর্মকর্তাদের অফিসে আসার দরকার নেই।বাকিরা বাসায় থেকে কাজ করবেন।বয়স্ক ও অসুস্থদের অফিসে না আসা, ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রনালয়ের এর বিধি অনুসরণ করে quick response team বানাতে হবে। পরিচালক মো: জাকির হোসেন কে টিম লিডার করে অফিস অর্ডার করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও মাননীয় প্রতিমন্ত্রির সভাপতিত্বে গত ১০ মে ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য সমন্বয় সভার কার্যবিবরণী মোতাবেক আমাদের কার্যক্রম গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের অভিজ্ঞতা কাজে লাগিয়ে জ্বালানি বিভাগের জন্য কি কি ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের সাথে যোগাযোগ স্থাপনের ব্যাপারে উপ-পরিচালক জনাব মেহেদী হাসানকে দায়িত্ব প্রদান করা হয।<br>হাইড্রোকার্বন ইউনিট এর"Capacity Building of Human Resources And Petroleum Resources Management" প্রকল্পে Assesment, Resviour,Manpower Develop, Capacity building এই ৪ টি রিপোর্ট এর কথা বলা হয়েছে। কোভিড-১৯ এনার্জি এর উপর Impact অর্ন্তভুক্ত করতে হবে। এলএনজি খাতে কোভিড-১৯ এর কি প্রভাব তা অর্ন্তভুক্ত করতে হবে। প্রশিক্ষণ খাতে সহযোগিতার জন্য IFC, World Band এবং ADB এ ধরনের দাতা সংস্থার সাথে যোগাযোগ করতে হবে; | পাওয়ার সেলের অভিজ্ঞতা কাজে লাগিয়ে জ্বালানি বিভাগের জন্য কি কি ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।পাওয়ার সেলের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে। |

| | | |
|---|---|---|
| ০৩ | **<u>অসম্পন্ন কাজ-</u>**<br>Daily Production Report সম্পকে কথা হয় । আমাদের ১৩ টি Report করতে হয়। ১৩ টির মধ্যে ১২ টি মাসিক এবং ১টি annual report। সহকারী পরিচালক শিহাব মাহমুদ জানান annual report তৈরি হয়ে গেছে। মাসিক রিপোর্ট ফেব্রুয়ারি পর্যন্ত তৈরি আছে। আমদের এখনো ২টি সেমিনারের লক্ষ্যমাত্রা বাকি রয়ে গেছে। ১৩ জুন ২০২০ তারিখে ইআরপি বিষয়ে একটি সেমিনারের আযোজন করা হযেছে। এছাড়াও এই মাসের ১৯/২০ তারিখের দিকে আরেকটি সেমিনার আয়োজন সম্পর্কে বলা হয়। শিল্পখাতে গ্যাসের ব্যবহার ও এসংক্রান্ত কাজে সংগৃহীত ডাটা নিয়ে রিপোর্ট প্রস্তুত সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা হয়। উপ- পরিচালক জনাব মেহেদী হাসান জানান ৯০ শতাংশ কাজ হয়ে গেছে। ৩/৪ দিনের মধ্যে Draft প্রস্তুত করে পেশ করতে পারবেন। মহাপরিচালক নির্দেশ দেন তিতাসের ডাটা আনতে হবে। ড্যাশবোর্ড এবং Mobile Apps এর কাজ মুজিব বর্ষের মধ্যে শেষ করতে হবে। | অসম্পন্ন কাজ শেষ করতে হবে। |
| ০৪ | <u>ইআরপি</u><br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জন্য সমন্বিত ইআরপি ও অন্তর্বতীকালীন ড্যাশবোর্ড এর কাজের অগ্রগতি পর্যালোচনা করে Real time data দেয়া,Trial runকরা এবং ড্যাশবোর্ডের Mobile versionএর ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও মোবাইল অ্যাপসের কার্যক্রমএবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যেমন গুগল প্লেস্টোর এবং এপস স্টোরেআপলোড করা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | সহকারী পরিচালক রির্জাভয়ার ও প্রডাকশন জনাব শিহাব মাহমুদকে টেন্ডার বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করার নির্দেশ দেয়া হয়। |

| | | |
|---|---|---|
| ০<br>৫ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</u>**<br><br>২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্দেশিকা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা সম্পর্কে আলোচনা হয়।মহাপরিচালক নির্দেশনা দেন APA এর নাম্বার যাতে না কমে। পরিচালক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় ত্রৈমাসিক অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন। ২০১৪-১৫ অর্থবছর হতে ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত সময়ে উল্লেখযোগ্য অর্জনসমূহ যেমন ০৩ বছরে ৪৫ টি কারিগরি প্রতিবেদন প্রস্তুতকরন, ৪০ টি সেমিনার/ওয়ার্কশপ আয়োজন, হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক সম্পাদিত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রনীত আইন, বিধি ও নীতিমালার সংকলন," গ্যাস এবং কয়লা মজুদ ও উতপাদনের মাসিক প্রতিবেদন জুলাই ২০১৬-ফেব্রুয়ারি ২০২০ । গ্যাস উতপাদন বিতরন ও কনজাম্পশনের বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ প্রস্তুতকরন। Energy Economics প্রতিবেদন, Energy Scenario of Bangladesh প্রতিবেদন (২০১৫-২০১৬ ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮)। A Glossary of Terms Generally used in Petroleum and Mineral Resources Industry। উপ- পরিচালক জনাব মেহেদী হাসান জানান গত অর্থবছরে এপিএতে মন্ত্রনালয়ে আমাদের অবস্থান ছিল প্রথম। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অবস্থান ছিল তৃতীয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি সম্পর্কে জোর প্রদান করা হয়। |

| | | |
|---|---|---|
| ০৬ | **<u>শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা-</u>**<br>উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জানান যে অত্র অফিসের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থ বছরের চতুর্থ কোয়াটারে বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক। **১১** জুন নৈতিকতা কমিটির সভার তারিখ নির্ধারিত আছে।তিনি আরো জানান চতুর্থ কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে অংশীজনের অংশগ্রহনে সভা আগামী **১৮** জুন অনুষ্ঠিত হবে। সভাপতি অত্র অফিসের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ ওয়েব সাইটে সংযোজন করা, শুদ্ধাচার সেবাবক্স , তথ্য অধিকার সেবাবক্স , অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা, শাখা-অধিশাখা পরিদর্শন, দূর্নীতি প্রতিরোধের স্লোগান সমৃদ্ধ প্ল্যাকার্ড বিতরণ করা, বিদ্যুৎ / জ্বালানি বিল নিয়মিত পরিশোধ, গাড়ীতে জ্বালানি তৈল ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন । | চতুর্থ কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে অংশীজনের অংশগ্রহনে সভা আগামী **১৮** জুন করার সিদ্ধান্ত হয়। |
| ০৭ | **<u>ইনোভেশন</u>**-<br>উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ০৯ জুন ইনোভেশন টিমের সভার তারিখ নির্ধারন করা হযেছে। সভাপতি উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণকে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে অংশগ্রহণ, উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের মূল্যায়ন, সেবা সহজিকরনের লক্ষ্যে দেশের জ্বালানি ও খনিজ সম্পদের উৎপাদন, আমদানি, মজুদ, বিতরণ প্রভৃতি তথ্য সম্বলিত একটি অন্তর্বর্তীকালীন ড্যাশবোর্ডের বাস্তবায়নের চূড়ান্ত অফিস আদেশ জারি করে সারাদেশে সম্প্রসারণ/রেপ্লিকেশন করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন । | ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের **১১** জুন ইনোভেশন টিমের সভার তারিখ নির্ধারন করা হযেছে। |
| ০৮ | **<u>মানব সম্পদ উন্নয়ন</u>**<br>মানব সম্পদ উন্নয়নে কর্মপন্থা নির্ধারণের নিমিত্ত ঘাটতি চিহ্নিত করে উত্তরণের সুপারিশ প্রণয়ন প্রসঙ্গে আলোচনা হয়।২৯-০১-২০২০ ইংতারিখে অনুষ্ঠিতমানব সম্পদ উন্নয়ন কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে মানব সম্পদ উন্নয়নে আমাদের মতামত চাওয়ার প্রেক্ষিতে ২৯ টি দপ্তর/সংস্থা/ কোম্পানির মধ্যে বড় পুকুরিয়া কোল মাইনিং,পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড মতামত প্রদান করেছে। | মতামত সমূহ পর্যালোচনা করে প্রতিবেদন তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| ০৯ | ই- নথি:<br>ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের নিমিত্তে ই- নথি কার্যক্রমের সূচনা হয় ।<br>হাইড্রোকার্বন ইউনিটের ই –নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়।তেল,গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয় । | মন্ত্রণালয় ভিত্তিক অধিদপ্তর সংস্থার ক্যাটাগরি (ছোট) জরিপে হাইড্রোকার্বন ইউনিটের অবস্থান প্রথম দিকে নেয়ার জন্য ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় । |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.১৩০

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৭
০৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
৫) সহকারী পরিচালক (অপারেশন) , উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) , হাইড্রোকার্বন ইউনিট

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক